# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য কোন কওমকে ভালবাসে, তার জন্য ঈমানের মিষ্টতার উপস্থিতি সাব্যস্তকরণ সম্পর্কে আলোচনা

ذِكْرُ إِثْبَاتِ وُجُودِ حَلَاوَةِ الْإِيمَانِ لِمَنْ أَحَبَّ قَوْمًا لِلَّهِ جَلَّ وَعَلَا

---

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "ثَلَاثٌ مَنْ كُنَّ فِيهِ وَجَدَ حَلَاوَةَ الْإِيمَانِ مَنْ كَانَ اللَّهُ وَرَسُولُهُ أَحَبَّ إِلَيْهِ مِمَّا سِوَاهُمَا وَالرَّجُلُ يُحِبُّ الْقَوْمَ لَا يُحِبُّهُمْ إِلَّا فِي اللَّهِ وَالرَّجُلُ إِنْ قُذِفَ فِي النَّارِ أَحَبُّ إِلَيْهِ مِنْ أَنْ يَرْجِعَ يَهُودِيًّا أَوْ نَصْرَانِيًّا".

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 237 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৩৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তিনটি জিনিস যার মধ্যে থাকবে, তিনি ঈমানের মিষ্টতা অনুভব করতে পারবেন। (১) যার কাছে আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্য সবকিছুর চেয়ে প্রিয় হবে (২) যে ব্যক্তি কোন কওমকে একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য ভালবাসে (৩) ঐ ব্যক্তি যিনি ইয়াহুদী বা খ্রীষ্টান ধর্মে ফিরে যাওয়ার পরিবর্তে যদি তাকে আগুনে নিক্ষেপ করা হয়, সেটাই তার কাছে বেশি প্রিয় হবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৭৪; সহীহ মুসলিম: ৪৩, ৬৮; ইবনু মান্দাহ, ঈমান: ২৮৩; আত তায়ালিসী: ১৯৫৯; সহীহ আল বুখারী: ২১; নাসাঈ: ৮/৯৬; ইবনু মাজাহ: ৪০৩৩; ইবনুল মুবারক, আয যুহদ: ৮২৭; বাগাবী, শারহুস

সুন্নাহ: ২১; তাবারানী, আস সাগীর: ১/২৫৭-২৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজু ফিকহিস সীরাহ: ১৯৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88536

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন